বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৯২৪

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ / ২৮ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ঘোষিত লভ্যাংশ বিতরণে ব্যর্থ হওয়া কোম্পানিসমূহের সাথে বিএসইসির সভা, অবিলম্বে সুরাহা নির্দেশনা এবং এনফোর্সমেন্ট প্রসঙ্গে।

পুঁজিবাজারে তালিকাভুক্ত যেসকল কোম্পানি ঘোষিত লভ্যাংশ বিতরণে ব্যর্থ হয়েছে এমন ২২টি কোম্পানির সাথে অদ্য ২৮ মে ২০২৫ তারিখে বিএসইসির বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকের বিএসইসির কর্মকর্তাবৃন্দ এবং উক্ত কোম্পানিসমূহের শীর্ষ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় ঘোষিত লভ্যাংশ বিতরণে ব্যর্থতার বিষয়ে আলোচনা হয়েছে এবং যত দ্রুত সম্ভব বিষয়টি সমাধানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। ব্যর্থতার জন্য কোম্পানিগুলোর বিরুদ্ধে সিকিউরিটিজ আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়াও শুরু করতে যাচ্ছে বিএসইসি।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২৮/০৫/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র